বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫১.২৫-১৩৫

তারিখঃ ১০-০৮-১৪৩৩ বঃ
২৫-১১-২০২৬ খ্রিঃ

দপ্তরাদেশ

জনাব এ.কিউ.এম. জহুরুজ্জামান (আইডি নং-৯৪০৩২২০০১), উপ-বিভাগীয় প্রকৌশলী (ভারপ্রাপ্ত), মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর-এর অনুকূলে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০০১.২৫.০৬১.১৬.৩৬৩; তারিখ: ০৬/০৭/২০২৩ খ্রি. মোতাবেক ০১/০৮/২০২৩ খ্রি. হতে ৩১/০৫/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত যুক্তরাষ্ট্রের Kansas State University-এ MS in Civil Engineering কোর্সে অধ্যয়নের নিমিত্ত প্রেষণ (Deputation) মঞ্জুর করা হয়। পরবর্তীতে তিনি প্রেষণের মেয়াদ আরও ০৩ (তিন) মাস বৃদ্ধির জন্য আবেদন করেন। উক্ত আবেদনটি মঞ্জুরের সুপারিশসহ পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হলেও এ বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয় হতে কোনো অনুমোদন/সিদ্ধান্ত পাওয়া যায়নি। উপরন্তু, আবেদনকৃত বর্ধিত মেয়াদও ইতোমধ্যে অতিবাহিত হয়েছে। অতএব, তাঁর অনুকূলে মঞ্জুরিকৃত প্রেষণের মেয়াদ ৩১/০৫/২০২৫ খ্রি. তারিখে সমাপ্ত হওয়ায় পরবর্তী কর্মদিবস ০১/০৬/২০২৫ খ্রি. তারিখে বোর্ডে যোগদান করার কথা থাকলেও তিনি নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান করেননি এবং অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে জনাব এ.কিউ.এম. জহুরুজ্জামান, উপ-বিভাগীয় প্রকৌশলী (ভারপ্রাপ্ত)-এর বিরুদ্ধে শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫১.২৫-২৫৮; তারিখ: ২৩/১১/২০২৫ খ্রি. মোতাবেক অভিযোগনামা প্রেরণপূর্বক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত জবাব দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু, জনাব এ.কিউ.এম. জহুরুজ্জামান, উপ-বিভাগীয় প্রকৌশলী (ভারপ্রাপ্ত) নির্ধারিত সময়ের মধ্যে কোনো লিখিত জবাব দাখিল করেননি।

২। অতঃপর, জনাব এ.কিউ.এম. জহুরুজ্জামান, উপ-বিভাগীয় প্রকৌশলী (ভারপ্রাপ্ত), মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর এর বিরুদ্ধে কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫১.২৫-২৬২; তারিখঃ ১১/১২/২০২৫ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব এ.কিউ.এম. জহুরুজ্জামান, উপ-বিভাগীয় প্রকৌশলী (ভারপ্রাপ্ত), মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর, তাঁর অনুকূলে মঞ্জুরিকৃত প্রেষণের মেয়াদ শেষে ০১/০৬/২০২৫ খ্রি. তারিখে বোর্ডে যোগদান না করে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। ফলে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৩-এর প্রবিধান ৪৮(খ) ও ৪৮(গ) অনুযায়ী তাঁর বিরুদ্ধে যথাক্রমে অসদাচরণ এবং পলায়ন-এর অভিযোগ বিভাগীয় তদন্তে প্রতিষ্ঠিত হওয়ায় একই প্রবিধানমালার প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তাঁর বিরুদ্ধে ০১/০৬/২০২৫ খ্রি. তারিখ হতে বোর্ডের চাকরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দণ্ড চূড়ান্তভাবে আরোপের অবতারণা হয়। সে অনুযায়ী চাকরি হতে 'বরখাস্ত' দণ্ড চূড়ান্তভাবে আরোপের পূর্বে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৩-এর প্রবিধান ৫২(৫) অনুযায়ী তদন্ত প্রতিবেদনের অনুলিপি সংযুক্ত করে প্রস্তাবিত দণ্ড কেন তাঁর উপর আরোপ করা হবে না, সে মর্মে প্রবিধান ৫২(৬) অনুযায়ী শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫১.২৫-১২৭; তারিখঃ ১৩/১০/২০২৬ খ্রিঃ এর মাধ্যমে কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত জবাব দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত কারণ দর্শানো নোটিশটি বাপাউবোতে তাঁর সর্বশেষ কর্মস্থলের ঠিকানা ও স্থায়ী আবাসিক ঠিকানায় প্রাপ্তি স্বীকার পত্রসহ নিবন্ধিত ডাকযোগে প্রেরণ করা হয় এবং বোর্ডের ওয়েবসাইটে প্রচার করা হয়। একই সাথে উক্ত কারণ দর্শানো নোটিশটি বহুল প্রচারিত দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়। স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রখানা "উক্ত ঠিকানায় প্রাপক খুঁজে না পাওয়ায় ফেরত" মন্তব্য সহকারে ফেরত আসে। কারণ দর্শানো নোটিশ জারির নির্ধারিত পদ্ধতিসমূহ যথাযথভাবে অনুসরণ করা সত্ত্বেও নির্ধারিত সময়ের মধ্যে তাঁর নিকট হতে কোনো লিখিত জবাব পাওয়া যায়নি।

৪। বর্ণিত প্রেক্ষাপটে, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনা এবং জারিকৃত কারণ দর্শানো নোটিশের পরিপ্রেক্ষিতে নির্ধারিত সময়ের মধ্যে কোনো লিখিত জবাব দাখিল না করায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রযোজ্য বিধান অনুযায়ী তার ওপর "চাকরি হতে বরখাস্ত" দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা সমীচীন বিবেচিত হয়। তৎপ্রেক্ষিতে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/০৬/২০২৫ খ্রি. তারিখ হতে তাঁর ওপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from Service) দণ্ড চূড়ান্তভাবে আরোপের লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

অঃপৃঃদ্রঃ

৫। এমতাবস্থায়, কর্তৃপক্ষের উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে এতদ্বারা জনাব এ.কিউ.এম. জহুরুজ্জামান (আইডি নং-৯৪০৩২২০০১), উপ-বিভাগীয় প্রকৌশলী (ভারপ্রাপ্ত), মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর-এর ওপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/০৬/২০২৫ খ্রি. তারিখ হতে তাঁর ওপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from Service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৬। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৫.১১.২০২৬.
(মোঃ আতিকুর রহমান)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৮০২২৫০০১

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫১.২৫-১৩৫(১৯)

তারিখঃ ১০-০৮-১৪৩৩ বঃ
২৫-১১-২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
২। পরিচালক, বোর্ড/কর্মচারী/হিসাবরক্ষণ/অর্থ/অডিট/প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৭। নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর।
৮। উপপরিচালক (অহিনি), কুষ্টিয়া আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, কুষ্টিয়া।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
১০। (ক) জনাব এ.কিউ.এম. জহুরুজ্জামান, উপ-বিভাগীয় প্রকৌশলী (ভারপ্রাপ্ত), মেহেরপুর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মেহেরপুর।
(খ) জনাব এ.কিউ.এম. জহুরুজ্জামান, পিতা-মোঃ রবিউজ্জামান, রূপায়ন খান টাওয়ার, ৫১ পূর্ব হাজিপাড়া, মালিবাগ, ঢাকা-১২১৯।
(গ) জনাব এ.কিউ.এম. জহুরুজ্জামান, পিতা-মোঃ রবিউজ্জামান, গ্রাম-বরশিবাড়িয়া, ডাকঘর-বারাদী বাজার, উপজেলা-মেহেরপুর সদর, জেলা- মেহেরপুর।
১১। অফিস কপি/মাস্টার কপি।

২৫/১১/২৬
(তাবিবুর রহমান বিপু)
উপ-পরিচালক (অঃদাঃ)
পরিচিতি নং-৯১০৩০২০০১

ডায়েরী নং ১৬৭৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
তারিখ: ২৫/১১/২৬
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।